গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সাধারণ অধিশাখা-১
www.plandiv.gov.bd

স্মারক নং-২০.০০.০০০০.৩২১.১৬.০০৯.২৩-৩৫৩

তারিখ: ১৭ কার্তিক ১৪৩৩ / ০২ নভেম্বর ২০২৬

# জরুরি গণবিজ্ঞপ্তি

## পরিকল্পনা বিভাগের কোটাভুক্ত এবং পরিকল্পনা বিভাগ/কমিশনে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের জন্য নির্মিত আবাসিক ভবনের বাসা/ফ্ল্যাটে সাবলেট/ভাড়া বন্ধকরণ।

এতদ্বারা পরিকল্পনা বিভাগের কোটাভুক্ত সকল সরকারি বাসা/ফ্ল্যাটের বরাদ্দপ্রাপক এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরিকল্পনা বিভাগের কোটাভুক্ত (এ/বি/সি-শ্রেণি) এবং পরিকল্পনা বিভাগ/কমিশনে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের জন্য নির্মিত আবাসিক ভবন (বি/সি-শ্রেণি) পরিদর্শনে দেখা যায়, অধিকাংশ বরাদ্দপ্রাপকগণ বরাদ্দকৃত বাসা/ফ্ল্যাটের ১/২ রুম বা সম্পূর্ন বাসা/ফ্ল্যাট সাবলেট/ভাড়া প্রদান করেছেন। এ ধরনের কার্যক্রম বাংলাদেশ বরাদ্দ বিবিধমালা, ১৯৮২ এর পরিপন্থী।

এমতাবস্থায়, পরিকল্পনা বিভাগের কোটাভুক্ত কোন বাসা/ফ্ল্যাটের বরাদ্দপ্রাপককে তার নামে বরাদ্দকৃত বাসা/ফ্ল্যাটের সম্পূর্ণ বা আংশিক (এক বা একাধিক রুমসহ) কোনভাবেই সাবলেট/ভাড়া প্রদান না করার জন্য অনুরোধ করা হলো। যারা ইতোমধ্যে সাবলেট/ভাড়া প্রদান করেছেন, তাঁদের অতিসত্বর সাবলেট/ভাড়াটিয়াকে আবশ্যিকভাবে অপসারণপূর্বক যথানিয়মে বরাদ্দকৃত বাসার অবস্থান/বসবাস করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

অন্যথায় উল্লিখিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর কোন বাসায় সাবলেট/ভাড়া পাওয়া গেলে কোন কারণ দর্শানো ছাড়াই বাংলাদেশ বরাদ্দ বিধিমালা, ১৯৮২ অনুযায়ী সংশ্লিষ্ট বরাদ্দপ্রাপকের বরাদ্দ বাতিলসহ বিধি মোতাবেক প্রয়োজনীয় শাস্তিমূলক ও আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে এবং একইসাথে উক্ত বিধিমালার বিধি (১৪) ৩ অনুযায়ী সংশ্লিষ্ট বরাদ্দপ্রাপকের বিরুদ্ধে শৃংখলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০২/১১/২০২৬

(মোহাম্মদ ফুরকান উদ্দিন ভূইয়া)
সহকারী সচিব
ফোন: ৯১৮০৯৯০

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সচিব এর একান্ত সচিব, সচিব এর দপ্তর, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অতিরিক্ত সচিব (প্রশা:অনু:) এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (অতি: সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ (সংশিষ্ট এলাকা), ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭। উপ বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত উপ বিভাগ (সংশ্লিষ্ট এলাকা), ঢাকা।
৮। সংশ্লিষ্ট নথি।